

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৯২০

৩৬/ আদব (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৯০. ঠাট্রাচ্ছলে কোন জিনিস নেয়া সম্পর্কে।

باب مَنْ يَأْخُذُ الشَّيْءَ عَلَى الْمِزَاحِ

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ سُلَيْمَانَ الأَنْبَارِيُّ، حَدَّتَنَا ابْنُ نُمَيْرٍ، عَنِ الأَعْمَشِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يَسَارٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، قَالَ حَدَّثَنَا أَصْحَابُ، مُحَمَّدٍ صلى الله عليه وسلم أَنَّهُمْ كَانُوا يَسِيرُونَ مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم فَنَامَ رَجُلٌ مِنْهُمْ فَانْطَلَقَ بَعْضُهُمْ إِلَى حَبْلٍ مَعَهُ فَأَخَذَهُ فَفَرْعَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ يَحِلُّ لِمُسْلِمٍ أَنْ يُرَوِّعَ مُسْلمًا ".

বাংলা

৪৯২০. মুহাম্মদ ইবন সুলায়মান (রহঃ) আবদুর রহমান ইবন আবূ লায়লা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমার কাছে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একজন সাহাবী বর্ণনা করেছেন যে, তারা এক সফরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে ছিলেন। তাদের থেকে এক ব্যক্তি ঘুমিয়ে গেলে, অপর একব্যক্তি রশি নিয়ে তার কাছে যায়, যা ধরার কারণে সে (সাপ মনে করে) ভয় পায়। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কোন মুসলিমের উচিত নয়, অন্য মুসলিমকে ভয় দেখানো।

English

Narrated AbdurRahman ibn AbuLayla:

The Companions of the Prophet (ﷺ) told us that they were travelling with the Prophet (ﷺ). A man of them slept, and one of them went to the rope which he had with him. He took it, by which he was frightened. The Prophet (ﷺ) said: It is not lawful for a Muslim that he frightens a Muslim.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবূ লাইলা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন